



নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা
ব্লক নং- ৫-৬

ই-মেইল : ecs@bol-online.com;

ফোন : ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-

৭

ওয়েব সাইট : www.bd-ec.org

ফ্যাক্স : ৮১১৭৮৩৪, ৮১১৩১৫৬, ৮১১৯৮১৯

সংবাদ বিজ্ঞপ্তি


ঢাকা : ১৫ মার্চ, ২০০৫

আগামী ৩০ এপ্রিল ২০০৫ তারিখে ৯ টি পৌরসভার সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচন অনুষ্ঠেয় পৌরসভাগুলো হলো- ফেনী, হাকিমপুর, ডোমার, তাহেরপুর, সিংড়া, দর্শনা, নগরকান্দা, কেন্দুয়া ও চকরিয়া।

আজ এক গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে এসব পৌরসভা নির্বাচনের বিস্তারিত সময়সূচী ঘোষণা করা হয়েছে।
সময়সূচী অনুযায়ী :-

- (ক) রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ : ০৬ এপ্রিল ২০০৫ (বুধবার)
- (খ) রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ : ০৭ এপ্রিল ২০০৫ (বৃহস্পতিবার)
- (গ) প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ : ১৩ এপ্রিল ২০০৫ (বুধবার)
- (ঘ) ভোট গ্রহণের তারিখ : ৩০ এপ্রিল ২০০৫ (শনিবার)

জেলা সদরে অবস্থিত ফেনী পৌরসভার নির্বাচন পরিচালনার জন্য অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফেনীকে রিটার্নিং অফিসার এবং জেলা নির্বাচন অফিসার, ফেনীকে সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ দেয়া হয়েছে। এছাড়া উপজেলা পর্যায়ে পৌরসভাগুলোর জন্য সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসারকে রিটার্নিং অফিসার এবং উপজেলা নির্বাচন অফিসারকে সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ দেয়া হয়েছে।


(এস এম আসাদুজ্জামান)
সহকারী জনসংযোগ কর্মকর্তা
ফোন নং ৮১১৪১৭৬